

জীবন বীমা কর্পোরেশন
উন্নয়ন ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

স্মারক : ৫৩.১৯.৯০০১.০০৩.৩২.০০০.১৮-৯৯৭

তারিখ : ২৩-১২-২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ০৫ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখের ৫৩.০৩.০০০০.০৩৬.১৬.০০১.১৭.৫৮ সংখ্যক পত্রের আলোকে জীবন বীমা কর্পোরেশনের ২০১৮ সালের ১ম বর্ষ ব্যবসায় ক্লোজিং সংক্রান্ত নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হলো-

- (ক) ২০১৮ সালে প্রদর্শিত ১ম বর্ষ ব্যবসায়ের বিপরীতে গৃহীত অর্থ ০৭ জানুয়ারী/২০১৯ পর্যন্ত ব্যাংকে জমা করা যাবে। ০৭ জানুয়ারী/২০১৯ এর পরে ব্যাংকে জমাকৃত ১ম বর্ষ প্রিমিয়ামের অর্থ অবশ্যই ২০১৯ সালের ব্যবসায় হিসেবে গণ্য হবে।
- (খ) ২০১৮ সালের সংগৃহীত ১ম বর্ষ ব্যবসায়ের এফ পি আর ১০ জানুয়ারী/২০১৯ এর মধ্যে সমাপ্ত করতে হবে।
- (গ) কর্পোরেশনের ব্যবসায় সমাপনী সময়ে বাড়তি চাপের কারণে Server অনেক সময় ভালো Support করে না। এ কারণে ব্যবসার উপর যাতে কোন অবস্থাতেই নেতিবাচক প্রভাব না পড়ে তদজ্ঞন্য Online Collection এর পাশাপাশি Manually অর্থাৎ পি.আর এর মাধ্যমে নতুন ব্যবসার প্রিমিয়ামের টাকা গ্রহণ করা যাবে। প্রয়োজনে রিজিওনাল অফিস/কর্পোরেট সেবা দপ্তরের চাহিদা মোতাবেক কেন্দ্রীয় মুদ্রণ ভান্ডার পি.আর বই প্রেরণের জন্য জরুরী ব্যবস্থা গ্রহণ করবে। Manually পি.আর প্রদান করা হলে তাত্ক্ষনিক অর্থাৎ ঐ দিনই এ বিষয় সম্পর্কিত বিবরণী কর্পোরেট অফিস ও রিজিওনাল অফিসকে লিখিতভাবে জানাতে হবে। রিজিওনাল অফিস যথানিয়মে অবিলম্বে লিখিত/ই-মেইল যোগে তা প্রধান কার্যালয়ের উন্নয়ন বিভাগে প্রেরণ করবে।
- (ঘ) ম্যানুয়ালী গ্রহণকৃত প্রিমিয়াম ও পি.আর-এর হিসাব রিজিওনাল অফিসের হিসাব বিভাগ সংরক্ষণ ও নিয়ন্ত্রণ করবে।
- (ঙ) ২০১৮ সালের প্রস্তাব পত্রের অবলিখন ও পুনঃবীমা সংক্রান্ত কার্যাবলী সংশ্লিষ্ট বিভাগ দ্রুততার সাথে সম্পন্ন করবে।
- ২.০ এ আদেশ যথাযথভাবে পালনের জন্য আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

(আফতাব উদ্দিন চৌধুরী)
জেনারেল ম্যানেজার-উন্নয়ন

কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। জেনারেল ম্যানেজার-প্রশাসন/আইসিটি/হিসাব ও অর্থ/ই.ই.টি.এ/গ্রুপ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ইনচার্জ-রিজিওনাল অফিস (সকল)-
- ০৩। ইনচার্জ-কর্পোরেট সেবা দপ্তর (সকল)-
- ০৪। ইনচার্জ-সেলস অফিস (সকল)-
- ০৫। ইনচার্জ-শাখা অফিস (সকল)-
- ০৬। কেন্দ্রীয় মনিটরিং সেল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। অফিস আদেশ ফাইল।
- ০৮। সংশ্লিষ্ট ফাইল।
- ০৯। মাস্টার ফাইল।